



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌপরিবহন মন্ত্রণালয়
পায়রা বন্দর কর্তৃপক্ষ
মেরিন এন্ড কনজারভেন্সি বিভাগ
কলাপাড়া, পটুয়াখালী-৮৬৫০
www.ppa.gov.bd

নম্বর ১৮.২১.৭৮৬৬.০১৩.২৯.০৬৪.১৯.১৬

তারিখ ১৮ ফাল্গুন ১৪৩২
০৩ মার্চ ২০২৬

সতর্কীকরণ বিজ্ঞপ্তি

এতদ্বারা পায়রা বন্দর ব্যবহারকারী/নৌযান মালিক/নৌযান মাস্টার ও সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা এর স্মারক নং-স্বাঃ অধিঃ/রোগনিঃ/আইএইচআর/সভা/২০২৫/১৭৪, তারিখঃ ২৫ ফেব্রুয়ারি ২০২৬খ্রিঃ অনুযায়ী নিপাহ ভাইরাস একটি প্রাণঘাতী সংক্রামক রোগ, যা প্রধানত খেজুরের কাঁচা রস ও বাদুড় হতে মানুষের মধ্যে সংক্রমিত হয়। সম্প্রতি দেশের বিভিন্ন স্থানে নিপাহ ভাইরাস সংক্রমণের আশঙ্কা দেখা দেওয়ায় পায়রা বন্দর কর্তৃপক্ষ-এর মেরিন এন্ড কনজারভেন্সি বিভাগ সার্ভেইলেন্স কার্যক্রম জোরদার করা হচ্ছে এবং সংশ্লিষ্ট সকল কর্মকর্তা-কর্মচারী, নাবিক, শ্রমিক ও বন্দর ব্যবহারকারীদের সর্বোচ্চ সতর্কতা অবলম্বনের আহ্বান জানানো যাচ্ছে। বন্দরের অভ্যন্তরে ও আশেপাশের এলাকায় স্বাস্থ্যবিধি মেনে চলা, অসুস্থ ব্যক্তির সংস্পর্শ এড়িয়ে চলা এবং জ্বর, মাথাব্যথা, শ্বাসকষ্ট বা অস্বাভাবিক উপসর্গ দেখা দিলে দ্রুত নিকটস্থ স্বাস্থ্যকেন্দ্রে যোগাযোগ করার জন্য নির্দেশনা প্রদান করা হলো।

০৩-০৩-২০২৬

ক্যাপ্টেন এস. এম. শরিফুর রহমান
হারবার মাস্টার

ফোন: +৮৮০৯৬১০২০২২৪৭

ই-মেইল: harbourmaster@ppa.gov.bd